

৭২ বনমালী নম্বর লেন  
কলকাতা ৭০০৯৯৯  
ফোন : ১২৩-৪৫৬৭

৫ ডিসেম্বর, ২০০২

ভজহরি মুখোপাধ্যায়  
সম্পাদকীয় বিভাগ  
'আকাশকুসুম' সাহিত্য পত্রিকা  
২৬ অশ্বাভ স্ট্রিট  
কলকাতা ৭০০০০১

প্রীতিভাজনেষু,

বহুকাল আগে আপনাদের পত্রিকায় আমার লেখা একটি প্রবন্ধ পাঠিয়েছিলাম। প্রবন্ধটির নাম ছিলো – 'রবীন্দ্রনাথের দাড়ি ছিলো কিনা'। সচরাচর রবীন্দ্রনাথের দাড়িওয়ালা ছবিই চোখে পড়ে এবং তা থেকে অনেকেরই ধারণা হয় যে রবীন্দ্রনাথের বরাবরই দাড়ি ছিলো। নানারূপ সাক্ষ্যপ্রমাণ সহযোগে এই প্রবন্ধটিতে আমি দেখিয়েছিলাম যে, এ বিশ্বাস সম্পূর্ণ অমূলক। বস্তুত, তাঁর জীবনের প্রথম দশ-বারো বছরে রবীন্দ্রনাথের আদৌ দাড়িই ছিলো না। যতো দূর জানি, এ ব্যাপারটি এর আগে কেউই আলোচনা করেননি। সেইদিক দিয়ে আমার এই প্রবন্ধটি রবীন্দ্রচর্চায় অত্যন্ত মূল্যবান একটি সংযোজন।

অথচ লেখাটা আজ অবধি ছাপা হয়নি। কেন, তা ভেবে পাচ্ছি না। আপনাদের পত্রিকায় লেখা ছাপাতে গেলে কি ঘুষ দিতে হয়? যদি হয়, তাহলে ঘুষের পরিমাণ কতো, তা সস্তর লিখে জানান দয়া করে।

নমস্কারান্তে

নারায়ণ লাহা (নালা)

ভজহরি মুখোপাধ্যায়  
সম্পাদকীয় বিভাগ  
'আকাশকুসুম' সাহিত্য পত্রিকা  
২৬ অশ্বাশ্ব স্ট্রিট  
কলকাতা ৭০০০০১